



নাদির বিন আলী ইন্টারনেট সোসাইটি বাংলাদেশ চ্যাপ্টারের সহসভাপতি

ড্যাফেডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির আইটি বিভাগের প্রধান ও উপপরিচালক মো: নাদির বিন আলী ইন্টারনেট সোসাইটি বাংলাদেশ চ্যাপ্টারের নতুন নির্বাহী কমিটির সহসভাপতি নির্বাচিত হয়েছেন। ইন্টারনেট সোসাইটি এশিয়া প্যাসেফিক অঞ্চলের চ্যাপ্টার ডেভেলপমেন্ট ম্যানেজার শুভাশিস পানিগ্রাহি এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। তিনি এবারের নির্বাচনে তিন সদস্যের নির্বাচন কমিশনে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছেন। গত ৬ আগস্ট নির্বাচনের ফল প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য পৃথিবীর বিভিন্ন দেশে ইন্টারনেট সোসাইটির ১৪০টির অধিক চ্যাপ্টার রয়েছে এবং 'সবার জন্য ইন্টারনেট' এই স্লোগান নিয়ে কাজ করছে আন্তর্জাতিক এই সংগঠনটি।

নতুন কমিটিতে সভাপতি ও সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি ড. হাফিজ মোহাম্মদ হাসান বাবু ও দৈনিক সংবাদের সিনিয়র রিপোর্টার মোহাম্মদ কাওহার উদ্দীন। পাঁচ সদস্যের নবনির্বাচিত নির্বাহী কমিটির অন্য সদস্যরা হলেন- সহসভাপতি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের এলআইসিটি প্রকল্পের ডাটা সেন্টার অপারেশনস ম্যানেজার মো: আবদুল আওয়াল এবং কোষাধ্যক্ষ- ফ্লোরা লিমিটেডের সিস্টেম ইঞ্জিনিয়ার মো: ইয়াসির ফিরোজ। নির্বাচন কমিশনের অন্য দুই সদস্য ছিলেন ইন্টারনেট সোসাইটি দিল্লি চ্যাপ্টারের কোষাধ্যক্ষ অমৃতা চৌধুরী এবং বাংলাদেশ চ্যাপ্টারের সদস্য ও সাবেক সহসভাপতি রহমান খান। বিজ্ঞপ্তি।